গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (এপ্রিল-জুন ২০২৫), কুড়িগ্রাম জেলা -এর কার্যবিবরণী**

প্রধান অতিথি : বি. এম কুদরত-এ-খুদা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ১১-০৮-২০২৫ খ্রি.
সময় : বেলা ০১:৩০ – বিকাল ৫:৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি প্রকল্পের কার্যক্রমসমূহের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি, অর্জিত মাইলফলক ও ভবিষ্যত পরিকল্পনা সংক্ষেপে তুলে ধরেন এবং প্রকল্পের সার্বিক ও ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ে মূল উপস্থাপনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহ্বান জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের সার্বিক অগ্রগতি | এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকে প্রকল্পের অগ্রগতি ও কুড়িগ্রাম জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | পানি সমতল বৃদ্ধির তথ্য স্থানীয় প্রশাসনকে অবহিতকরণ | প্রকল্প-এলাকা সংশ্লিষ্ট পয়েন্টে পানি সমতল দ্রুত গতিতে বৃদ্ধি পেতে থাকলে সেই তথ্য সরাসরি ও তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসনকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | পানি সমতল বৃদ্ধির তথ্য সরাসরি ও দ্রুততম সময়ে স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সাথে সমন্বয় পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | টিম লিডার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৩। | বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচার অব্যাহত রাখা | প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পরও বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচারের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>প্রভাতী প্রকল্পের ভয়েস মেসেজ, ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল প্ল্যাটফর্ম ও অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সেবা প্রদান অব্যাহত থাকবে। এছাড়াও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রস্তাবিত বন্যা প্রস্তুতি কর্মসূচী (এফপিপি) সহ অন্যান্য | প্রকল্প মেয়াদ শেষ হওয়ার পরও বন্যার আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও রাইমস |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে সতর্কবার্তা প্রচারের বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে। | | |
| ০৪। | বিবিধ | প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে এলজিইডি, IFAD সহ বিভিন্ন সংস্থার সকল প্রকল্পের যেকোনো অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ডের বিষয়ে উপজেলা প্রশাসন সহ স্থানীয় প্রশাসনকে অবহিত করা ও উপজেলা পরিষদের মাসিক সভায় উল্লেখ করার বিষয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত এডিসি মহোদয় এজন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।<br><br>সমাপনী বক্তব্যে প্রধান অতিথি জনাব বি. এম কুদরত-এ-খুদা, এডিসি, কুড়িগ্রাম বলেন, জনসাধারণকে জানমালের ক্ষয়ক্ষতির হাত থেকে রক্ষা করাই সকল কার্যক্রমের মূল উদ্দেশ্য। তিনি দুর্যোগাক্রান্ত মানুষকে সর্বোচ্চ প্রাধান্য দিয়ে প্রকল্পের মাধ্যমে উপলব্ধ বিভিন্ন তথ্যসেবা সকল উন্নয়ন সহযোগী সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠান সহ স্থানীয় পর্যায়ে আরও ব্যাপকভাবে প্রচার করার উপর গুরুত্বারোপ করেন, যাতে এসব তথ্য আরও ভালোভাবে কাজে লাগানো যায়। এর ফলে এসব সেবা আরও ফলপ্রসূ হবে এবং স্থানীয় জনগণ আরও কার্যকরভাবে আগাম পরিকল্পনা ও পদক্ষেপ গ্রহণ করতে পারবে। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯১৭ (ক). তারিখ: ১৯-০৮-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।
১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাম্মদ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট